

৫ বোর্ডের এসএসসি পরীক্ষা স্থগিত

নিজস্ব বার্তা পরিবেশক

: শুক্রবার, ১২ মে ২০২৩



ঘূর্ণিঝড় মোখার কারণে কুমিল্লা, চট্টগ্রাম, বরিশাল, মাদরাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের ১৪ তারিখের (রোববার) এসএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত করা হয়েছে।

শুক্রবার (১২ মে) এক বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেছে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি।

এর আগে গত বৃহস্পতিবার ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ও আন্তঃশিক্ষা বোর্ডের সমন্বয়ক অধ্যাপক তপন কুমার সরকার বলেছিলেন, আমরা পরিস্থিতি পর্যবেক্ষণ করছি। পরিস্থিতি বুঝে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।

রোববার যেসব বিষয়ে পরীক্ষা

পরীক্ষাসূচি অনুসারে, রোববার সকাল ১০টা থেকে বিজ্ঞান বিভাগের পরীক্ষার্থীদের পদার্থবিজ্ঞান, মানবিক বিভাগের পরীক্ষার্থীদের বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা এবং ব্যবসায় শিক্ষা বিভাগের

পরীক্ষার্থীদের ফিন্যান্স ও ব্যাংকিং বিষয়ের পরীক্ষা হওয়ার কথা রয়েছে। আর পরদিন সোমবার
রয়েছে গার্হস্থ্য বিজ্ঞান (তত্ত্বীয়), কৃষি শিক্ষা (তত্ত্বীয়), সংগীত, আরবি, সংস্কৃত, পালি, শারীরিক শিক্ষা
ও ক্রীড়া এবং চারু ও কারুকলা বিষয়ের পরীক্ষা।

এসএসসির সরঞ্জাম নিরাপদে রাখার নির্দেশ

ঘূর্ণিঝড় মোখা আগামী ২-১ দিনের মধ্যে দেশের উপকূলে আঘাত আনতে পারে। এমন পরিস্থিতিতে
চলমান এসএসসি পরীক্ষার সরঞ্জাম নিরাপদ ও সতর্কতার সঙ্গে সংরক্ষণের নির্দেশ দিয়েছে
আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি। ট্রেজারি, থানা ও পরীক্ষা কেন্দ্রে রক্ষিত পরীক্ষার সব গোপনীয়
মালামাল নিরাপদ ও সতর্কতার সঙ্গে সংরক্ষণের জন্য শিক্ষা বোর্ডগুলোকে নির্দেশনা দেওয়া
হয়েছে।

বৃহস্পতিবার বিকেলে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা মাধ্যমিক ও উচ্চ
মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. তপন কুমার সরকার স্বাক্ষরিত এক চিঠিতে এ
নির্দেশনা দেওয়া হয়।